মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয়: ৩য় স্টাফ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)। |
| সভার তারিখ | : ০২ আগস্ট, ২০২১ খ্রি: |
| সভার সময় | : বিকাল ২.৩০ মিনিট |
| স্থান | : ভার্চুয়াল, প্রধান কার্যালয়। |
| উপস্থিতি | : **পরিশিষ্ট-ক।** |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীর আলোচ্য বিষয়সমূহে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সহকারী মহাপরিদর্শক (সাধারণ), জনাব এ.কে. এম. মানছুরুল হক আলোচ্য বিষয় অনুযায়ী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর মহাপরিদর্শকের অনুমতিক্রমে সভায় সঞ্চালনা শুরু করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মুজিব জন্মশতবার্ষিকী পালন | মহাপরিদর্শক বলেন, মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অধিদপ্তরের গঠিত কমিটি/সাব-কমিটি গৃহীত পরিকল্পনা অনুযায়ী এবং মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।<br><br>যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান, বিগত স্টাফ মিটিংয়ের সিদ্ধান্ত অনুযায়ী কথাসাহিত্যিক ড. সেলিনা হোসেনকে মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে আমন্ত্রণ জানিয়ে চলমান করোনা মহামারী পরিস্থিতির উন্নতি সাপেক্ষে একটি কর্মশালা অনলাইনে/স্বশরীরে আয়োজন করতে হবে। এছাড়া মানবিক কার্যক্রম হিসেবে ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজনের জন্য সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয়সমুহকে একটি পত্র প্রেরণ করা যেতে পারে। | ১। মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অধিদপ্তরের গঠিত কমিটি/সাব-কমিটি গৃহীত পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবে। পরবর্তী সভায় এর বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>২। কথাসাহিত্যিক ড: সেলিনা হোসেন-কে নিয়ে শীঘ্রই একটি কর্মশালা অনলাইনে/স্বশরীরে আয়োজন করতে হবে।<br><br>৩। আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ফ্রি মেডিক্যাল ক্যাম্প আয়োজনের তারিখসহ সম্ভাব্য প্রস্তুতি গ্রহণের নিমিত্ত একটি পত্র প্রেরণ করা যেতে পারে। | ১। ড. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মোঃ ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক<br><br>(প্রশাসন ও উন্নয়ন) |
| ০২ | অধিদপ্তরের সাংগঠনিক | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে জানান, পদ স্থায়ীকরণ প্রক্রিয়া বর্তমানে অর্থ মন্ত্রণালয়ের ব্যয় | ১। পদ স্থায়ীকরণের ক্ষেত্রে বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে | ১। ড: সৈয়দ আবুল এহসান |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | কাঠামো অনুমোদন | ব্যবস্থাপনা শাখা হতে বাস্তবায়ন শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। বাস্তবায়ন শাখা পরিবর্তিত পদনামের উপর ভেটিং করে ব্যয় ব্যবস্থাপনা শাখাকে প্রেরণ করবে। এছাড়াও পদ স্থায়ীকরণের কাজ দ্রুত সম্পন্ন করার ক্ষেত্রে মহাপরিদর্শক মহোদয়ের প্রতিনিয়ত অর্থ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সচিব কমিটির সাথে যোগাযোগ করে তার ব্যক্তিগত গাড়িযোগে সহকারী মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হককে সকল ডেস্ক কর্মকর্তার নিকট প্রেরণ করে কার্যক্রমটিকে ত্বরান্বিত করতে আন্তরিক সহযোগীতা প্রদান করছেন। অধিদপ্তরের ২য় পর্যায়ের ১,৭৯১ জনবল সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে রয়েছে। | যোগাযোগ করবেন।<br><br>২। ২য় পর্যায়ের জনবল সৃজনের প্রস্তাবের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে কার্যক্রমটি ত্বরান্বিত করবেন। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। এ. কে. এম. মানছুরুল হক,<br><br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৩ | অধিদপ্তরের শূণ্য পদ পূরণ | শূন্যপদ পূরণের ক্ষেত্রে আউট সোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়া গেছে বলে সহকারী মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক সভায় অবহিত করেন। বর্ণিত জনবল নিয়োগের জন্য ইতোমধ্যে দৈনিক পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া ১০৫ টি অফিস সহায়ক রাজস্ব খাতে সৃজিত পদসমূহের নিয়োগ প্রক্রিয়া সরাসরি উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগের নিমিত্ত জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন। এই কার্যক্রম দ্রুত করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ হানিফ শিকদারের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br><br>সহকারি মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক বলেন এছাড়াও ১ম ও ২য় শ্রেণীর ৫২ টি শূন্যপদে সচিব মহোদয়ের প্রেরিত ডিউ লেটার মহাপরিদর্শক মহোদয় পিএসসিতে পৌছেছেন। বর্ণিত পদসমূহে দ্রুত নিয়োগের জন্য পিএসসির সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার জন্য মহাপরিদর্শক মহোদয়ে নির্দেশনা প্রদান করেন।<br><br>সহকারি মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক বলেন সরাসরি ছাড়াও শূন্যপদে পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য অধিদপ্তরে ১ম শ্রেণীর (নবম গ্রেডের) কর্মকর্তাগণের উপমহাপরিদর্শক ফিডার | ১। আউটসোর্সিং পদ্ধতিতে ৫০ টি পদে নিয়োগের লক্ষ্যে দরপত্র আহ্বানের পর দরপত্র মূল্যায়ন কমিটি অতি দ্রুত সময়ের মধ্যে বিধিমতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>২। ১০৫টি অফিস সহায়ক পদের নিয়োগ প্রক্রিয়ার' বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করে দ্রুত অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>৩। পিএসসির সঙ্গে বর্ণিত পদসমূহ দ্রুত নিয়োগের লক্ষ্যে নিয়মিতভাবে যোগাযোগ রক্ষা করে কাজটি ত্বরান্বিত করবেন।<br><br>৪। নবম গ্রেডে কর্মরতদের খসড়া জ্যেষ্ঠতা তালিকার উপর চলমান করোনা পরিস্থিতির | ১। ড. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী<br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। জনাব মোঃ কামরুল হাসান উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৪। এ. কে. এম. মানছুরুল হক,<br><br>সহকারি মহাপরিদর্শক (সাধারণ) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | পদের একটি খসড়া জ্যেষ্ঠতা তালিকার উপর বিধি মোতাবেক ৩০ কার্যদিবস অতিবাহিত হওয়ার ফলে আগত আপত্তিসমূহের আমল/খন্ডনের নিমিত্ত শুনানি গ্রহণ করা যেতে পারে। জবাবে মহাপরিদর্শক মহোদয় বলেন বর্তমান করোনা পরিস্থিতির উন্নতি হলে দ্রুত সময়ের মধ্যে শুনানি গ্রহণ করে প্রশাসনিক মন্ত্রণালয়ে পরবর্তীতে প্রজ্ঞাপন আকারে প্রকাশের জন্য প্রেরণ করা হবে। এছাড়াও উপমহাপরিদর্শক পদে কর্মরতদের জ্যেষ্ঠতা তালিকা প্রজ্ঞাপন আকারে প্রকাশের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>অত:পর উপমহাপরিদর্শক (সেফটি) জনাব মোঃ কামরুল হাসান বলেন শুনানি গ্রহণ অনলাইনে করার ব্যবস্থা করা হলে কাজটি দ্রুত শেষ হয়ে যাবে এবং পদোন্নতির কার্যক্রমও পরবর্তীতে গ্রহণ করা যাবে। জবাবে মহাপরিদর্শক বলেন বিষয়টি গুরুত্বপূর্ণ বিধায় অনলাইনে শুনানি গ্রহণ না করে করোনা পরিস্থিতির উন্নতি হলে সরাসরি গ্রহণ করাই সমীচীন। এ প্রেক্ষাপটে যুগ্ম মহাপরিদর্শক (সেফটি) বলেন শ্রম পরিদর্শক পদে কর্মরতদের খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করা হলে পদোন্নতির ব্যবস্থা করা যাবে। জবাবে মহাপরিদর্শক মহোদয়ে বলেন, জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন কমিটির গুরুত্বপূর্ণ সদস্য অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের পদায়ন হলে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উন্নতি হলে শুনানি গ্রহণ করা হবে।<br><br>৫। শুনানি গ্রহণ শেষে মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন আকারে প্রকাশের পর পদোন্নতির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।<br><br>৬। অতিরিক্ত মহাপরিদর্শকের পদায়ন হলে ১০ম গ্রেডে কর্মরতদের খসড়া জ্যেষ্ঠাত তালিকা প্রণয়ন করা হবে। | |
| ০৪ | চাকুরির বিধিমালা সংশোধন | ২য় পর্যায়ের জনবল বৃদ্ধির প্রস্তাবের সঙ্গে নতুন সৃষ্ট পদসমূহ সংযুক্ত করে খসড়া নিয়োগ বিধিমালা প্রেরণ করা হয়েছে। যেহেতু ২য় পর্যায়ে জনবল বৃদ্ধির সঙ্গে নিয়োগ বিধিমালা সংশোধন বিষয়টি জড়িত, সেহেতু জনবল বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হলে এ বিষয়ে কাজ করা যেতে পারে। মহাপরিদর্শক বলেন, ২য় পর্যায়ে জনবলের প্রস্তাবের সঙ্গে প্রেরিত খসড়া নিয়োগ বিধিমালার উপর এখন গ্রাউন্ড ওয়ার্ক করে কাজটি এগিয়ে রাখা যেতে পারে। পরবর্তীতে পদ সৃজিত হলে এ বিষয়ে অধিদপ্তরে বিচার/বিবেচনার জন্য একটি সেমিনার/ওয়ার্কশপ করে কাজটি সম্পাদন করা যেতে পারে। | ১। অধিদপ্তরের ২য় পর্যায়ের জনবল সৃজিত হলে নিয়োগ বিধিমালা সংশোধন করা হবে। এ লক্ষ্যে এখন হতেই কাজ-শুরু করতে হবে। | ১। ড. সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। এ. কে. এম. মানছুরুল হক, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৫ | প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের পরিদর্শন কার্যক্রম | মহাপরিদর্শক বলেন, প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং টিম অধিদপ্তরের আওতাধীন জেলা কার্যালয়সমূহ নিয়মিতভাবে পরিদর্শন করে গঠিত টিমকে কার্যপরিধি অনুযায়ী রিপোর্ট প্রদান করতে হবে। এছাড়াও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশসমূহ পরবর্তীতে ফলোআপ করে বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | ১। পরিবীক্ষণ দল অনতিবিলম্বে অধিদপ্তরের আওতাধীন জেলা কার্যালয় পরিদর্শন করতে হবে এবং দাপ্তরিক শৃঙ্খলা ও নাগরিক বান্ধব দপ্তর হওয়ার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। আগামী সভায় মনিটরিং টিম ভিত্তিক পরিদর্শনের অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে। | ১। পরিবীক্ষণ দলের সদস্যবৃন্দ |
| ০৬ | APA বাস্তবায়ন সংক্রান্ত। | সহকারি মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক জানান রার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০-২০২১) এর প্রত্যেকটি সূচক অধিদপ্তর কর্তৃক অর্জিত হয়েছে। বর্তমানে ২০২০-২০২১ অর্থ বছরের প্রমাণসমূহ মন্ত্রণালয়ে মূল্যায়ণের নিমিত্ত প্রেরণ করা হয়েছে।<br><br>এছাড়াও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ ইতোমধ্যে সচিব মহোদয়ের সঙ্গে মহাপরিদর্শক মহোদয়ের স্বাক্ষর হয়েছে। অতএব নতুন অর্থবছরের এপিএ বাস্তবায়নে এবং নতুন লক্ষমাত্রা সমূহ অর্জনে প্রধান কার্যালয়ের এপিএ টিম সার্বক্ষণিক জেলা কার্যালয়সমূহকে তদারক করতে পারবেন। | ১। ২০২০-২০২১ এপিএ লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় মহাপরিদর্শক মহোদয় এপিএ টিমকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>২। এপিএ ২০২১-২০২২ এ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে বছরের শুরু হতে প্রধান কার্যালয় তাগিদ প্রদানের মাধ্যমে সার্বক্ষণিক তৎপর থাকবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br><br>২। মো: ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ০৭ | প্রশিক্ষণ | সহকারি মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক সভায় বলেন, এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এছাড়াও নতুন এপিএ লক্ষ্যমাত্রার প্রশিক্ষণ যতটুকু রয়েছে সেটি বছরের প্রারম্ভে শুরু করলে অর্জন সহজ হবে। বর্তমান করোনা পরিস্থিতির কারণে প্রশিক্ষণ প্রয়োজনে অনলাইনে আয়োজন করতে হবে। প্রশিক্ষণের যে লক্ষ্যমাত্রা এপিএ, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, ইনোভেশন ও সিটিজেন চার্টার নির্দেশিকা রয়েছে সেগুলো যথাসময়ে অর্জনের প্রয়োনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>এছাড়াও আইএলও, আইন সংশোধন, নীতিমালা সংশোধন ও জেআইজেড কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালা দ্রুত সম্পাদন এবং প্রয়োজন হলে অনলাইনে আয়োজন করে কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির ব্যবস্থা করা আবশ্যক। | ১। নতুন এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল প্রশিক্ষণ সম্পাদন করতে হবে।<br><br>২। বিভিন্ন সহযোগী সংস্থার প্রস্তাবিত প্রশিক্ষণ/কর্মশালা সমন্বয়পূর্বক দ্রুত অনলাইন/স্বশরীরে আয়োজনের ব্যবস্থা করতে হবে। | ১। ড. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। এ.কে.এম. মানছুরুল হক<br><br>সহকারী |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৮ | হেল্প লাইন-১৬৩৫৭ | হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ আইনে বর্ণিত নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য মহাপরিদর্শক মহোদয় হেল্পলাইনের তদারকিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। মহাপরিদর্শক বলেন, প্রতি সপ্তাহান্তে হেল্পলাইন-এ প্রাপ্ত অভিযোগের Synopsis পরবর্তী সপ্তাহ শুরুর প্রথম কার্যদিবসে অর্থাৎ রবিবারে সাধারণ শাখা মহাপরিদর্শক বরাবর পেশ করবেন। এছাড়াও হেল্পলাইন এ প্রাপ্ত অভিযোগ যেগুলো অনিষ্পন্নযোগ্য এ সংক্রান্ত SOP-এর উপর হেল্পলাইনে দায়িত্বরত কর্মকর্তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। অতঃপর যে সকল অভিযোগ অনিষ্পন্নযোগ্য সেগুলো জেলা কার্যালয়ে প্রেরণের পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত পাওয়ার পর জেলা কার্যালয়ে অগ্রায়ণ করার মতামত ব্যক্ত করা হয়। | ১। অভিযোগের Synopsis সপ্তাহান্তে পরবর্তী রবিবার মহাপরিদর্শক বরাবর পেশ করতে হবে।<br><br>২। অনিষ্পন্নযোগ্য অভিযোগ নির্ধারণের ক্ষেত্রে SOP-এর উপর হেল্পলাইন-এ দায়িত্বপ্রাপ্তদেরকে প্রশিক্ষণ দিতে হবে।<br><br>৩। অভিযোগ প্রাপ্তির পর উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক শুধু নিষ্পন্নযোগ্য অভিযোগসমূহ জেলা কার্যালয়ে অগ্রায়ণ করতে হবে। | ১। জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। এ. কে. এম. মানছুরুল হক সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৯ | ই-নথি এবং লিমা এ্যাপস | মহাপরিদর্শক সকল কার্যালয়ে ই-নথি কার্যক্রম ১০০% নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন এবং লিমা এ্যাপস ব্যবহার করে পরিদর্শন কার্যক্রম জোরদার করার নির্দেশনা দেন।<br><br>যুগ্মমহাপরিদর্শক (সেফটি) বলেন, লিমা এ্যাপস-এ দুর্ঘটনা বিষয়ক একটি নেভিগেশন সংযুক্ত করা প্রয়োজন। তিনি আরও বলেন, এ নেভিগেশন সংযুক্ত করার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থ জেআইজেড (JIZ) নামক সহযোগী সংস্থা কর্তৃক অনুদান প্রদান করা হবে। এছাড়াও, লিমা আপগ্রেডেশনের ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থ বাজেটে রাখতে হবে মর্মে মতামত দেন। জবাবে বাজেট অফিসার শ্রম পরিদর্শক জনাব মোঃ ওহীদুর রহমান বলেন, বুদ্ধিবৃত্তিক সেবা খাতে বর্তমান অর্থবছরে বাজেট বরাদ্দ পাওয়া গেছে, কিন্তু এ সংক্রান্ত কোড সৃষ্টি হয়নি, ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের কোড সৃষ্টির ব্যবস্থা না করে অধিদপ্তরকে ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করছে। বর্তমানে মন্ত্রণালয়ের পত্রের জবাবসহ পত্র প্রেরণ করে বুদ্ধিবৃত্তিক সেবার কোড দ্রুত সৃষ্টি করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | ১। ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পন্নের হার শতভাগ উন্নীত করতে হবে এবং স্ব স্ব কার্যালয়ের তথ্য আগামী সভায় সংযুক্তি হিসেবে উপস্থাপন করতে হবে।<br><br>২। লিমা এ্যাপস ব্যবহার করে শতভাগ পরিদর্শন করতে হবে।<br><br>৩। বাজেট বরাদ্দে বুদ্ধি বৃত্তিক সেবা খাতের জন্য আলাদা কোড অতি দ্রুত সৃষ্টি করতে হবে।<br><br>৪। লিমা অ্যাপস এর সকল প্রতিবন্ধকতা দূর করে ডিসেম্বর/২০২১ এর মধ্যে অংশীজনদের নিকট সহজে ব্যবহারযোগ্য করতে হবে। | ১। জনাব ফরিদ আহাম্মদ যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান সহকারী মহাপরিদর্শক (সেফটি) ও সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সধারণ)<br><br>৪। জনাব ওহীদুর রহমান বাজেট অফিসার |

চলমান পাতা- ০৬

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০ | ইনোভেশন | ২০২০-২০২১ সালের উদ্ভাবন কর্মপরিকল্পনার স্বমূল্যায়িত অর্জিত নম্বর ৯৮ বলে শ্রম পরিদর্শক জনাব সাব্বির আনোয়ার সভাকে অবহিত করেন। জবাবে মহাপরিদর্শক বলেন পূর্ণ ১০০ নম্বর অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। **তিনি আরো বলেন ২০২১-২২ এর উদ্ভাবন কর্মপরিকল্পনায় প্রদত্ত সকল লক্ষ্যমাত্রা অর্জনে বছরের প্রথম থেকেই কার্যক্রম গ্রহণ করে অর্জন করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার শৈথিল্যতা দেখানো যাবে না।** পরবর্তী প্রতিটি সভায় ২০২১-২২ এর উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পেশ করতে হবে। | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এ নির্ধারিত সকল লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বছরের প্রারম্ভেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পরবর্তী প্রতিটি সভায় অগ্রগতি পেশ করতে হবে। | ১। মো: ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br>২। সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান সহকারী মহাপরিদর্শক (সেফটি) ও<br>৩। সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সধারণ) |
| ১১ | SDG | SDG লক্ষ্যমাত্রা অনুযায়ী অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা কার্যাবলি গ্রহণ করেছেন কিনা তা মহাপরিদর্শক জানতে চান। SDG বিষয়ে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারি মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান জানান, প্রত্যেক জেলায় উদ্বুতকরণ সভা চলমান এবং SDG বিষয়ক সেবাবক্স ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়াও, SDG বিষয়ে একটি কর্মপরিকল্পনা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে বলে সভায় অবহিত করেন। | ১। SDG লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>২। SDG বিষয়ে প্রনীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরবর্তী প্রতিটি সভায় উপস্থাপন, করতে হবে। | ১। শেখ আসাদুজ্জামান, সহকারী মহাপরিদর্শক (সেফটি)<br>২। মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ১২ | শিশুশ্রম নিরসন | SDG লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে কর্মক্ষেত্রে শিশুশ্রম সম্পূর্ণভাবে নিরসন করতে হবে। এছাড়াও, APA লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশুশ্রম নিরসন করতে হবে। অধিকন্তু শিশুশ্রম নিরসনে একটি প্রকল্প প্রণয়ন করে সেখানে পুনর্বাসনের পরিকল্পনা থাকতে হবে। মহাপরিদর্শক বলেন দ্রুত শিশুশ্রম নিরসনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।<br>আগামী ৩ দিনের মধ্যে জেলা কার্যালয়ে পত্র প্রেরণ করে শিশুশ্রম নিরসন প্রকল্পের প্রয়োজনীয় সুপারিশ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা দেন। | ১। পরিদর্শন কার্যক্রমে শিশুশ্রম নিরসনকে অগ্রাধিকার প্রদান করতে হবে।<br>২। শিশুশ্রমিকদের পুনর্বাসনের জন্য আগামী এক মাসের মধ্যে একটি খসড়া প্রকল্প মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে বাস্তবায়নাধীন প্রকল্পে শিশুশ্রম নিরসনের বিষয়টি অতি গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে।<br>৩। জেলা কার্যালয় হতে তথ্য আনতে হবে। | ১।ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>২। মোঃ মেহেদী হাসান উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) |
| ১৩ | RCC | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) জানান, National | ১। RCC এর আওতায় | ১। প্রকল্প |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | সংক্রান্ত কার্যক্রম | Initiative এর আওতায় ৬৯৮টি কারখানাসহ মোট ১৮০০টি কারখানা ফলোআপ করা হয়েছে। এখন পর্যন্ত NI ভুক্ত কারখানার অগ্রগতি ৫০%। Round-4 ও Round-5 কাঠামোর পক্ষে Escalation Protocal ইতোমধ্যে অনুমোদিত হয়েছে।<br><br>মহাপরিদর্শক বলেন, প্রকৌশলীগণ পরিদর্শনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করবেন। এক্ষেত্রে সমন্বয়হীনতা দূর করতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও RCC এর প্রকল্প পরিচালক সভায় উপস্থিত থেকে তার প্রকল্পের অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি বলেন ২৫ জন ইঞ্জিনিয়ার-কে ক্যাপাসিটি বৃদ্ধির জন্য প্রয়োজনে ভার্চুয়াল প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এছাড়াও ব্যুরো বেরিটাসে নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীগণকে প্রয়োজনে ভার্চুয়াল প্রশিক্ষণ দিয়ে এ বিষয়ে সক্ষম করে তুলতে হবে। | কর্মরত প্রকৌশলীগণ এবং কাজ তদারকি অব্যাহত রাখতে হবে।<br><br>২। প্রকৌশলীগণ সংশ্লিষ্ট কার্যালয়ের উপমহাপরিদর্শকগণের সাথে যোগাযোগ রক্ষা করবেন এবং পরিদর্শনের পূর্বে অবগত করবেন।<br><br>৩। অবিলম্বে ২৫ জন প্রকৌশলীর প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br><br>৪। ব্যুরো বেরিটাসের সহযোগিতা গ্রহণের জন্য চিঠি লিখতে হবে। | পরিচালক, RCC<br><br>২। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। মো: কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ১৪ | কমপ্লায়েন্স ও সেফটি কমিটি | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে জানান, এপিএ লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ অনুযায়ী কমপ্লায়েন্স এবং সেফটি কমিটি গঠন করতে হবে। এছাড়াও সেক্টরভিত্তিক কমপ্লায়েন্স নিশ্চিত করার জন্য ইতোমধ্যে অধিদপ্তরে একটি কমিটি গঠন করা হয়েছে। | ১। ২০২০-২১ অর্থবছরের APA লক্ষ্যমাত্রার ১০০% কমপ্লায়েন্স নিশ্চিত করতে হবে।<br><br>২। সেক্টরভিত্তিক কমপ্লায়েন্স মানদন্ড নির্দিষ্ট করার জন্য গঠিত কমিটি পরবর্তী সভায় তাদের খসড়া PPT এর মাধ্যমে সভায় উপস্থাপন করবেন। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। এ. কে. এম মানছুরুল হক, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ১৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বলতে কোন দপ্তরের অভ্যন্তরীণ কার্যক্রম সম্পর্কে আনীত অভিযোগ/আপত্তি-কে বুঝায়। এ ধরণের অভিযোগ হতে পারে নাগরিক অভিযোগ, অভ্যন্তরীণ অভিযোগ ও দাপ্তরিক অভিযোগ।<br><br>মহাপরিদর্শক বলেন, উল্লেখিত ধরণের অভিযোগ পাওয়া গেলে তা যত দ্রুত সম্ভব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত | ১। অভ্যন্তরীণ সকল অভিযোগ দ্রুততম সময়ে শতভাগ নিষ্পত্তি করতে হবে।<br><br>২। এ ধরণের অভিযোগের একটি রেজিস্টার সংরক্ষণ করবেন যেটি সবসময় হালনাগাদ থাকবে। | ১। জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক (সাধারণ) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা সমাধানের ব্যবস্থা করবেন। এ ধরণের অভিযোগের একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। | | |
| ১৬ | নারীর প্রতি সহিংসতা | যুগ্ম মহাপরিদর্শক (সাধারণ) জানান যে, কর্মক্ষেত্রে নারীর জন্য শোভন পরিবেশ নিশ্চিতে কমিটি কার্যক্রম পালন করছে। তিনি আরও বলেন, নারীর প্রতি সহিংসতার কোন অভিযোগ পাওয়া গেলে তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা করা হয়। গত মাসে এ ধরনের কোন অভিযোগ পাওয়া যায়নি।<br><br>মহাপরিদর্শক বলেন, নারীর প্রতি সহিংসতা বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে অনতি বিলম্বে নিষ্পত্তি করতে হবে। | ১। এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে কমিটি তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতি সভায় তা অবহিত করবেন।<br><br>২। প্রতিমাসে এ কমিটির সভা করতে হবে। | ১। জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক (সাধারণ), প্রধান কার্যালয় |
| ১৭ | লাইসেন্স ও অনলাইন লাইসেন্সিং | সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান সভাকে জানান, লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন লাইসেন্স ফি জমাদানের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় তার মধ্যে উল্লেখযোগ্য হলো রিপোর্টিং, স্বয়ংক্রিয়ভাবে নোটিশ তৈরি, অনলাইন লাইসেন্সিং ফি জমাদান ও লে-আউট প্ল্যান অনুমোদন ইত্যাদি।<br><br>মহাপরিদর্শক বলেন, লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন লাইসেন্স ফি জমাদানের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় (রিপোর্টিং, স্বয়ংক্রিয়ভাবে নোটিশ তৈরি, অনলাইন লাইসেন্স ফি জমাদান ও লে-আউট প্ল্যান অনুমোদন) দ্রুত সমাধানের ব্যবস্থা করতে হবে।<br><br>উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, লাইসেন্স অনলাইনে করার ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণে JIZ কর্তৃক কারিগরি ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে ইতোমধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে। মহাপরিদর্শক বলেন, ডিসেম্বর/২০২১ এর মধ্যে যেকোনভাবেই হোক না কেন লাইসেন্সসমূহ অনলাইনের মাধ্যমে হতে হবে। সে লক্ষ্যে সকল প্রতিবন্ধকতা তার পূর্বেই নিরসন করবেন। | ১। প্রধান কার্যালয়ের আইসিটি সেল কর্তৃক লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন লাইসেন্স ফি জমাদানের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় তা দ্রুত সমাধান করতে হবে।<br><br>২। সকল জেলা কার্যালয়গুলোকে লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন. লাইসেন্সিং এবং লে-আউট প্ল্যান অনুমোদন করতে হবে। অতঃপর বিষয়টি এ দপ্তরকে অবহিত করতে হবে।<br><br>৩। ডিসেম্বর/২০২১ এর মধ্যে সকল লাইসেন্স অনলাইনের মাধ্যমে প্রদান করতে হবে। এটি যেকোনভাবেই হোক না কেন বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে LIMA Support Team সার্বক্ষনিকভাবে JIZ এর সাথে যোগাযোগ রাখবেন।<br><br>৪। LIMA Support Team কে প্রতিমাসে সভা করতে হবে। | ১। আইসিটি সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br><br>২। মোঃ সামছুল আলম খান যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>৩। মোঃ কামরুল হাসান উপমহাপরিদর্শক (সেফটি) |
| ১৮ | প্যানেল | মহাপরিদর্শক অধিদপ্তরের প্যানেল আইনজীবীর | ১। বর্তমান প্যানেল | ১। ডা. সৈয়দ |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | আইনজীবী নিয়োগ। | বকেয়া পাওনা কত রয়েছে, কবে পর্যন্ত পরিশোধ করা হয়েছে, বকেয়া কেন এতদিন পরিশোধ করা হয়নি, তার সম্মানি/পারিশ্রমিক কোন খাত থেকে প্রদান করা হয়, পারিশ্রমিক প্রদানে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন রয়েছে কিনা এবং প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে যথাযথ অনুশাসন পরিপালন করা হয়েছে কিনা এ বিষয়ে আইন কর্মকর্তার নিকট জানতে চান এবং আইন কর্মকর্তাকে এ বিষয়টি স্পষ্ট করার জন্য অনুরোধ করেন।<br><br>**কিন্তু অদ্য স্টাফ মিটিংয়ে আইন কর্মকর্তা উপস্থিত না থাকার কারণে কোন অগ্রগতি জানা যায়নি।** যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) জানান, মন্ত্রণালয় হতে প্যানেল আইনজীবি সংক্রান্ত একটি পত্র এসেছে। তদানুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়া যায়। | আইনজীবীর নিয়োগের ক্ষেত্রে সকল বিধি বিধান অনুসরণ করা হয়েছে কিনা আইন কর্মকর্তা তার মতামত প্রদান করবেন।<br><br>২। পারিশ্রমিক কোন খাত থেকে প্রদান করা হবে সে সম্পর্কে অবগত করে আইন কর্মকর্তা ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নথি উপস্থাপন করবেন।<br><br>৩। পারিশ্রমিক প্রদানে কোন আইনি বাধা রয়েছে কিনা থাকলে তার সমাধানের সুপারিশসহ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নথি উপস্থাপন করতে হবে।<br><br>০৪। মন্ত্রণালয়ের পত্রের আলোকে জরুরী ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা নিবেন। | আবুল এহসান, যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। জনাব ইউসুফ আলী, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা |
| ১৯ | মামলা সংক্রান্ত তথ্য | মহাপরিদর্শক অত্র দপ্তরের কয়টি নিষ্পন্ন মামলা রয়েছে জানতে চান। এছাড়াও সভায় ০৩ (তিন) জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার ক্ষেত্রে বিলম্ব হওয়ার কারণ কি তা আইন কর্মকর্তাকে জিজ্ঞাসা করা হয়।<br><br>চলমান মামলাসমূহের হালনাগাদ তথ্য নিয়মিত ডাটাবেজে এন্ট্রি প্রদান করা হয়। প্যানেল আইনজীবীর নিকট থেকে আদালত হতে সর্বশেষ তথ্য প্রাপ্তির পর তথ্য হালনাগাদ করা হয়।<br><br>(ক) বিভাগীয় মামলার তথ্যঃ পরিশিষ্ট- (১)<br><br>(খ) রিট মামলার তথ্যঃ পরিশষ্ট- (২)<br><br>আইন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকার ফলে মামলা সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানা যায়নি। মহাপরিদর্শক বলেন আগামী ০৫ দিনের মধ্যে বিগত সভার সিদ্ধান্তসমূহ অবশ্যই বাস্তবায়ন করে অবগত করতে হবে। | ১। ০৩টি বিভাগীয় মামলা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সকল বিধি-বিধান মোতাবেক নথিতে উপস্থাপন করবেন।<br><br>২। সকল ধরণের মামলা বিধিমতে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | ১। ডা. সৈয়দ আবুল এহসান, যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। জনাব ইউসুফ আলী, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০ | অডিট আপত্তি সংক্রান্ত | শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মো: ওহীদুর রহমান সভাকে জানান, হালনাগাদকৃত তথ্য অনুযায়ী মোট অডিট আপত্তির সংখ্যা -২২ টি। ১১ টির ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে । অবশিষ্ট ১১ টি আপত্তির ব্রডশিটের জবাব প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>তিনি আরো বলেন, বর্তমানে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য অডিটরদের সঙ্গে সরাসরি দেখা করা যাচ্ছে না এবং তাহারা নিয়মিত অফিসে উপস্থিত থাকছেন না। মহাপরিদর্শক বলেন, অফিসে স্বশরীরে গিয়ে আপত্তিসমূহ নিষ্পন্নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>২। অডিট অফিসে স্বশরীরে গিয়ে তথ্য উপাত্ত সংগ্রহ করে পরবর্তী সভায় জানাতে হবে।<br><br>৩। ভবিষ্যতে কোন অডিট আপত্তি না হয় এ বিষয়ে হিসাব উপশাখা বিধি-বিধার মোতাবেক কার্যক্রম সম্পন্ন করবেন। | ১। সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন )<br><br>২। মোঃ ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়)<br><br>৩। মোঃ ওহীদুর রহমান, হিসাব উপশাখা |
| ২১ | দুর্ঘটনা | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) জনাব মো: ফরিদ আহমদ জানান যে, ২০২০-২১ অর্থবছরে সারাদেশে মোট দুর্ঘটনার ৫৪ টি। তন্মধ্যে ৫৪ জন নিহত ও ৩৩ জন আহত এবং ক্ষতিপূরণের পরিমাণ ৩৩.৬ লক্ষ টাকা। এছাড়াও, দুর্ঘটনার রিপোর্টিং টি লিমা অ্যাপস-এ সংযুক্ত করা হবে বলে জানান। অত:পর দূর্ঘটনার ক্ষতিপূরণ নিশ্চিত করার জন্য জেলা কার্যালয়সমূহকে পত্র প্রেরণ এবং নিয়মিতভাবে তদারকি করার জন্য মহাপরিদর্শক মহোদয় অনুরোধ করেন। | ১। দূর্ঘটনা প্রতিবেদন স্বল্পতম সময়ের মধ্যে দাখিল ও ক্ষতিপূরণসহ যাবতীয় কার্যক্রম আইনানুগ সময়ে সম্পন্ন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান উপমহাপরিদর্শক (সেফটি) |
| ২২ | শুদ্ধাচার | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এছাড়াও স্বমূল্যায়িত প্রতিবেদন অনুযায়ী অধিদপ্তর ৯৯ নম্বর অর্জন করেছে।<br><br>মহাপরিদর্শক বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ইতোমধ্যে চুড়ান্ত করে দাখিল করা হয়েছে। অতএব শুদ্ধাচার কৌশল ২০২১-২২ এ যে সকল লক্ষ্যমাত্রা রয়েছে, সেগুলো বছরের প্রারম্ভেই অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সকল লক্ষ্যমাত্রা নিদিষ্ট সময়ে অর্জন করতে হবে । | ১। মোঃ মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>২। জনাব অনিরুদ্ধ মহালদার, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২৩ | ওয়েবসাইট হালনাগাদকরণ | মহাপরিদর্শক সভায় অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করা হয় কিনা জানতে চান।<br><br>সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব সিকদার | ১। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | ১। জনাব সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | মোহাম্মদ তৌহিদুল হাসান সভাকে জানান, ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে এবং এটি সবসময় হালনাগাদ করা হয়। জবাবে মহাপরিদর্শক বলেন, আইসিটি সেলের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদেরকে সবসময় চারদিকে দৃষ্টি রাখতে হবে। কোন কোন উপলক্ষ্যের ছবি আপলোড করে হালনাগাদ করতে হবে সেটি খেয়াল রাখতে অনুরোধ করেন। | | সহকারি মহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ)<br><br>৩। প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) |
| ২৪ | চলমান প্রকল্পসমূহ | ১। রিমিডিয়েশঅন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প ।<br><br>২। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট (NOHSTRI) স্থাপন প্রকল্প।<br><br>৩। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরন এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প।<br><br>৪। নির্বাচিত রেডিমেড গার্মেন্টস,প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার কাঠামো,অগ্নি ও বিদ্যুৎ ঝুকি নিরুপণ। | ১। PIC এবং PSC-এর সভার সিদ্ধান্ত মতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। প্রকল্পের PIC এবং PSC সভার কার্যবিবরণী অনুযায়ী প্রকল্প সেলের সদস্য সচিবকে অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রদান করতে হবে।<br><br>৩। চলমান ৩টি প্রকল্পের PSC সভা অনুষ্ঠানের জন্য জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ করতে হবে। | ১। প্রকল্প পরিচালকবৃন্দ<br><br>২। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ২৫ | প্রস্তাবিত নতুন প্রকল্প | পরিকল্পনা সেলের সদস্য সচিব বলেন, ইতোমধ্যে নতুন ০৬ (ছয়) টি প্রকল্পের প্রস্তাব অত্র বছরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত নতুন প্রকল্পসমূহঃ-<br><br>১। পেশাগত ব্যাধি প্রতিরোধ কর্মসূচি, চিকিৎসা ও ক্ষতিপূরণ প্রকল্প (০১-০৩-২০২২ থেকে ৩০-০৬-২০২৩)<br><br>২। কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন শীর্ষক প্রকল্প (০১-০১-২০২২ থেকে ৩০-০৬-২০২৩)<br><br>৩। বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট | ১। নতুন প্রকল্পসমূহ অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অগ্রগতি কোন পর্যায়ে তা প্রতি সভায় অবহিত করবেন।<br><br>২। অধিদপ্তরের জন্য আগারগাঁও এলাকা এক বিঘা জমি বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ করতে হবে। | ১। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মুনছুর বিল্লাল, সদস্য সচিব, পরিকল্পনা ও উন্নয়ন সেল |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | সিস্টেম (এল আই এম এস) প্রকল্প (০১-০৭-২০২১ থেকে ৩০-০৬-২০২৩)<br><br>৪। RMG কারখানার নিরাপত্তা নিশ্চিতকরণ ও শ্রমিকদের কর্মদক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প (০১-০১-২০২২ থেকে ৩১-১২-২০২৩)<br><br>৫। নির্বাচিত ট্যানারী, লেদার ফুটওয়্যার ও টেক্সটাইল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প (০১-০১-২০২২ থেকে ৩১-০৬-২০২৩)<br><br>৬। প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার CAP বাস্তবায়ন প্রকল্প (০১-০১-২০২২ থেকে ৩১-১২-২০২৪)<br><br>মহাপরিদর্শক বলেন প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে গুরুত্ব বিবেচনায় নিয়ে দ্রুত অনুমোদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও অধিদপ্তরের নিজস্ব একটি প্রধান কার্যালয় আগারগাঁওয়ে স্থাপন করার নিমিত্ত ২০ কাঠা জমি অধিগ্রহণ করে একটি প্রকল্প দ্রুত গ্রহণ করে বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে সরাসরি কথা বলে আগারগাঁও এ জমি অধিগ্রহণ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে বলে জানান। | | |
| ২৬ | ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর এর কর্মকর্তাদের সমন্বয়ে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি গঠন করা হয়েছে, যারা প্রতি সপ্তাহান্তে একটি প্রতিবেদন দাখিল করে থাকেন এবং প্রধান কার্যালয়ের সাধারণ শাখা উক্ত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকেন। গঠিত কমিটি বর্ণিত বিষয়ে সবসময় সভা করে সম্ভাব্য সকল ক্রাইসিস প্রতিরোধে ভূমিকা পালন করার জন্য অনুরোধ করা হয়। | ১। শ্রম অসন্তোষ সৃষ্টি হলে দ্রুততম সময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে মহাপরিদর্শককে অবহিত করবেন। | ১। মোঃ সামছুল আলম খান যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। সাবিহা মুক্তা উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ২৭ | বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশ। | প্রতি বছর জুলাই ও আগস্ট মাসে পূর্বের অর্থবছরের কার্যক্রম সংবলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার জন্য প্রত্যেক শাখা এবং আওতাধীন অন্যান্য অধিশাখা, প্রকল্প ও সেলের কার্যক্রম সংগ্রহ করে তা প্রকাশ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন।<br><br>এ লক্ষ্যে গঠিত কমিটি বার্ষিক প্রতিবেদন প্রকাশের | ১। কমিটি বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশের নিমিত্ত সকল তথ্য বিভিন্ন শাখা, অধিশাখা ও প্রকল্প হতে সংগ্রহ করে প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. যুগ্মমহাপরিদর্শক গণ (সকল)<br>২. প্রকল্প পরিচালক (সকল)<br>৩. ফোরকান আহসান, |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে কাজটি সম্পন্ন করার জন্য মহাপরিদর্শক কমিটিকে নির্দেশনা প্রদান করে। | | তথ্য ও গণসংযোগ কর্মকর্তা<br>৪. মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ২৮ | Task Force সভা অনুষ্ঠান | সভায় Task Force এর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। নিয়মিতভাবে Task Force এর সভা আয়োজন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ২৯ | সেফটি/OSH কাউন্সিলের সভা অনুষ্ঠান | সভায় সেফটি/ OSH কাউন্সিলের সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্টদেরকে মহাপরিদর্শক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | ১। সেফটি/OSH কাউন্সিলের সভা আয়োজন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ৩০ | NTC এর সভা অনুষ্ঠান | সভায় NTC এর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্টদেরকে মহাপরিদর্শক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | ১। NTC এর সভা আয়োজন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ৩১ | ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন। | ILO RoadMap এবং European Union এর National Action Plan এ প্রদত্ত লক্ষ্যসমূহ অনুযায়ী নিয়মিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়াও মহাপরিদর্শক বলেন, বর্ণিত RoadMap ও NOP-তে দায়িত্বপ্রাপ্ত সকলেই নির্দিষ্ট সময়ের পূর্বেই লক্ষ্য অর্জনে সচেষ্ট হয়ে কাজ করবেন। | ১। ILO RoadMap এবং European Union- NAP অনুযায়ী লক্ষ্যমাত্রাসমূহ নির্দিষ্ট সময়ের পূর্বেই অর্জন করতে হবে। | ১। ডা. সৈয়দ আবুল এহসান, যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। জনাব মোঃ ইউসুফ আলী, উপমহাপরিদর্শক |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩২ | বিবিধ | ইতোমধ্যে ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে কর্মরতদের যোগদানকালসহ তালিকা আপডেট করা হয়েছে।<br><br>এছাড়াও, সহকারী মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক বলেন, উদ্ভাবন কর্মপরিকল্পনায় ট্রেনিং ম্যানেজম্যান্ট সিস্টেম তৈরী করার একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্ণিত সিস্টেমে অধিদপ্তরে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ ইতোমধ্যে কোন ধরণের প্রশিক্ষণ গ্রহণ করেছেন, কোন প্রশিক্ষণ দরকার, পুনরাবৃত্তিমূলক প্রশিক্ষণ যেন না হয় সেই মূল্যায়ণ করে প্রশিক্ষণ সিস্টেম তৈরী করা হবে। বর্ণিত সিস্টেমটিতে উদ্ভাবক হিসেবে জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি), জনাব শিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি মহাপরিদর্শক (সেফটি), ও জনাব এ. কে. এম. মানছুরুল হক, সহকারি মহাপরিদর্শক (সাধারণ)-এর নাম দেওয়া আছে। জবাবে জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, আন্তর্জাতিক শ্রম সংস্থা অধিদপ্তরের একটি ট্রেনিং সেস্টেম তৈরী করে দেওয়ার জন্য একজন কারিগরি জ্ঞান আছে এমন ব্যাক্তিকে নিয়োগ দেওয়ার চিন্তা আছে। অতএব আন্তর্জাতিক শ্রম সংস্থারন অর্থায়ন পেলে প্রশিক্ষণ সিস্টেমটি আরো যুগোপযোগী হবে। | ১। আন্তর্জাতিক শ্রম সংস্থার সাথে দ্রুত যোগাযোগ করে প্রশিক্ষণের একটি সিস্টেম অতিদ্রুত তৈরী করতে হবে। | ১। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। জনাব শিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি মহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। জনাব এ. কে. এম. মানছুরুল হক, সহকারি মহাপরিদর্শক (সাধারণ) |

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
chiefdife@gmail.com

তারিখ: ১৮-আগস্ট, ২০২১ খ্রি:।

স্মারক নং- ৪০.০১.১০১.০০০০০.০৬.০১৫.১৭ - ২২৩(৬)

অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৩। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের অবগতির জন্য)।

৪। যুগ্ম মহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৫। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অফিস কপি।

১৮/৮/২০২১

(মোঃ ইউসুফ আলী)
উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)
ফোন-০২-৮৩৯১৫৯৭
dig.admin@dife.org.bd